# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

ফোন ঃ ০২২২৩৩৮৩৬৩৭; ই-মেইল ঃ dgmpd1@krishibank.org.bd


প্রশাসন (এইচআরএমডি-১) পরিপত্র নং-০৪/২০২২ তারিখঃ ০৯/০২/২০২২ খ্রি.

বিষয় ঃ আদায়যোগ্য খাতে বিভিন্ন এক্সচেঞ্জ কোম্পানীর স্পটক্যাশ রেমিট্যান্স এর অনিস্পন্ন এন্ট্রির বিষয়টি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ তে অন্তর্ভূক্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রশাসন (এমপিডি)/পরিপত্র নং-০৫/২০১৯, তারিখঃ ১০/০২/২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। উল্লিখিত পরিপত্রের মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ জারি করা হয়।

০২। শাখা কর্তৃক প্রদত্ত স্পটক্যাশ রেমিট্যান্স আদায়যোগ্য খাত হতে প্রদান করা হয়। রেমিট্যান্স প্রদানের পরবর্তী কর্মদিবসের মধ্যে তা নিস্পন্নের বিষয়ে ফরেন রেমিট্যান্স বিভাগ কর্তৃক শাখা সমূহকে নির্দেশনা প্রদান করা হলেও কতিপয় শাখা যথাসময়ে এন্ট্রিসমূহ নিস্পত্তি না করায় দীর্ঘদিন যাবৎ আদায়যোগ্য খাতের অনিস্পন্ন হিসাব অসমন্বিত অবস্থায় থাকছে। এ প্রেক্ষিতে বৈদেশিক কোম্পানীগুলোর নিকট হতে বৈদেশিক মুদ্রা আহরণ বিলম্বিত হওয়াসহ জাল জালিয়াতি সংঘটনের সম্ভাবনা সৃষ্টি হয়।

০৩। এ অবস্থা নিরসনকল্পে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ হতে পরিচালনা পর্ষদের ৭৯৮তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেন ঃ

"ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ, ব্যবস্থাপনা সমন্বয় কমিটি এবং ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের পরিপ্রেক্ষিতে ব্যাংকের জাল জালিয়াতি রোধ এবং স্পটক্যাশ রেমিট্যান্সের আদায়যোগ্য খাত দ্রুততম সময়ে নিস্পন্ন করার লক্ষ্যে শাখাসমূহ নিরীক্ষাকালে বিভিন্ন এক্সচেঞ্জ কোম্পানীর স্পটক্যাশ রেমিট্যান্সের আদায়যোগ্য খাতে অনিস্পন্ন এন্ট্রিসমূহ (০৭ টি কর্মদিবসের বেশী সময় অনিস্পন্ন থাকলে) নিরীক্ষাযোগ্য অনুচ্ছেদ হিসেবে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এ অন্তর্ভূক্ত করার প্রস্তাবটি অনুমোদন করা হলো।"

০৪। এমতাবস্থায়, পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্তের আলোকে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এর পরিশিষ্ট-১৩ তে উল্লিখিত হিসাব সংক্রান্ত অনুচ্ছেদ নং ঃ ১৩ নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপন করা হলোঃ

| ম্যানুয়েলে বিদ্যমান বিষয় | ম্যানুয়েলে প্রতিস্থাপিত বিষয় |
|---|---|
| ১৩। আদায়যোগ্য এবং প্রদেয় হিসাব | ১৩.(ক) আদায়যোগ্য ও প্রদেয় হিসাব সমন্বয়ে অনিয়ম |
| | ১৩.(খ) স্পটক্যাশ রেমিট্যান্সের আদায়যোগ্য খাতে অনিস্পন্ন এন্ট্রি (০৭ টি কর্মদিবসের বেশী সময় অনিস্পন্ন থাকলে) সংক্রান্ত অনিয়ম। |

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

০৯/০২/২২

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এমপিডি-৮৬(১)/২০২১-২০২২/৪৬(১২৫০) তারিখ ঃ ০৯/০২/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ***পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।***
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

09.02.2022

(মুহাম্মদ কামরুল হাসান)
সহকারী মহাব্যবস্থাপক